



রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

ফোন : ০৭২১-৮৬২৪৪৫

ফ্যাক্স : ০৭২১-৮৬২৪৪৫

ই-মেইল- dgmpd@rakub.org.bd

ওয়েবসাইট- www.rakub.org.bd

প্রধান কার্যালয়, রাজশাহী
কর্মী ব্যবস্থাপনা বিভাগ

নং-প্রকা/কব্যবি-১০/২০১৬-২০১৭/ ২১২০(৪২)

তারিখ : ১১-০৪-২০১৭

বিভাগীয় মহাব্যবস্থাপক, রাজশাহী/রংপুর
বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী/রংপুর
সকল জোনাল ব্যবস্থাপক
সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা
সকল শাখা ব্যবস্থাপক (এলপিও এবং ঢাকা শাখাসহ)
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

১১/০৪/১৭
Mr. Hamid
১১-০৪-১৭

বিষয় : ব্যাংকের ৯০দিনের (০১ এপ্রিল-৩০ জুন, ২০১৭) কর্মসূচি চলাকালীন সময়ে কর্মকর্তা-কর্মচারীগণের ছুটি মঞ্জুর প্রসংগে।

মহোদয়

উপর্যুক্ত বিষয়ের প্রতি সংশ্লিষ্ট সকলের সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। ২০১৬-২০১৭ অর্থবছরে ব্যাংকের ব্যবসায়িক লক্ষ্যমাত্রাসমূহ শতভাগ অর্জন এবং মুনাফার ধারা অব্যাহত রাখার স্বার্থে ১ এপ্রিল হতে ৩০ জুন, ২০১৭ পর্যন্ত ৯০ দিনব্যাপী বিশেষ প্যাকেজ কর্মসূচি গ্রহণ করা হয়েছে। মাঠ পর্যায়ের কার্যক্রমের নিবিড় তত্ত্বাবধানের লক্ষ্যে প্রধান কার্যালয়ের উর্ধ্বতন পর্যায়ের কর্মকর্তাদের দায়িত্ব প্রদান করা হয়েছে। প্যাকেজ কর্মসূচির সফল বাস্তবায়নের স্বার্থে আগামী ৩০ জুন, ২০১৭ পর্যন্ত ব্যাংকের সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীর বদলী না করার জন্য ইতোমধ্যে নির্দেশনা জারি করা হয়েছে। একই ধারাবাহিকতায় আলোচ্য কর্মসূচির সফল বাস্তবায়নের নিমিত্ত আগামী ৩০ জুন, ২০১৭ পর্যন্ত কোন প্রকারের ছুটি মঞ্জুর না করার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া হলো।

০৩। জরুরী প্রয়োজন দেখা দিলে সেক্ষেত্রে মঞ্জুরকারী কর্মকর্তার নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের পূর্বানুমোদন গ্রহণ করে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীর ছুটি মঞ্জুর করা যেতে পারে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

(মোঃ মোয়াজ্জেম হোসেন)

উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকা/কব্যবি-১০/২০১৬-২০১৭/ ২১২০(৪২)/২৫

তারিখ : ৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ৪। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী(সাকুলার লেটারটি ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগকে অনুরোধ করা হলো)।
- ৫। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
- ৬। প্রকল্প পরিচালক, রাকাব-এসইসিপি, সিপিও, রাজশাহী।
- ৭। অফিস নথি।

(রণজিৎ কুমার সেন)
সহকারী মহাব্যবস্থাপক